গাজীপুরে পোশাক কারখানায় আগুন, উদ্ধার ৬৯ শ্রমিক



ছবি: সংগৃহীত

গাজীপুর সিটি করপোরেশনের ডেগেরচালা এলাকায় মেট্রিক্স গার্মেন্টসের সাততলা ভবনে আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের নয়টি ইউনিট কাজ করছে। এ ঘটনায় এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।

শনিবার (৩ অক্টোবর) দুপুর পৌনে ৩টার দিকে ফকির মার্কেট এলাকার কারখানাটির তৃতীয় তলার একটি গুদামে আগুনের সূত্রপাত হয়। ধোঁয়া দেখতে পেয়ে শ্রমিকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকে ছাদে উঠে যান, আবার কয়েকজন দ্রুত নিচে নেমে আসেন।

খবর পেয়ে ভোগড়া মডার্ন ফায়ার স্টেশনের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নেভানোর কাজ শুরু করে। পরে আশপাশের বিভিন্ন স্টেশন থেকে আরও সাতটি ইউনিট সেখানে যোগ দেয়।

ফায়ার সার্ভিসের সদস্যরা কারখানার ছাদে আটকে থাকা ৬৯ জন শ্রমিককে জীবিত উদ্ধার করেন। আগুনের সূত্রপাতের কারণ এবং ক্ষয়ক্ষতির পরিমাণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

LENS ASIA